

জয় প্রমথ বলিয়া ডাক প্রাণ খুলিয়া সাধের দিন ত গেল চলিয়া ।
মন তুই বসে র'লি কার আশায়, আয়ু রবি অস্ত যায়

দেখলি না নয়ন মেলিয়া ॥

১। ভাই বন্ধু পরিবার, সকলই অসার, কেউ কার নয়
দেখ ভাবিয়া;

মন তুমি আইছ একা ভবে, একা যেতে হবে,
বিষয় পশার রবে পড়িয়া ॥

২। সময় থাকতে একবার, ভজলি অন মন আমার,
কামিনী কাঞ্চনে ভুলিয়া ।

আসবে রবির সূত কিঙ্করে, কি জবাব দিবি তারে,
কারণারে নিবে বাঁধিয়া ॥

৩। হরিচাঁদ গুরুচাঁদ, হইয়া একচাঁদ প্রমথচাঁদে গেল মিশিয়া ।
ঐ দেখ চাঁদেরই বাজারে, মিলেছে এবার, কিরণে

জগৎ গেল ভরিয়া ॥

৪। গোপাল আর বিপিনচাঁদ, যাদব আর নকুলচাঁদ,
মহাজন হল মেলায় আসিয়া ।

তারা পেয়ে প্রেমধন, করে বিতরণ ঘরে ঘরে
বেড়ায় যাচিয়া ॥

৫। স্বামী অশ্বিনী বলে, আয় সকলে, প্রাণ জুড়াই
সেই চাঁদ হেরিয়া ।

এবার পঞ্চাননের নাই উপায়, বিনে স্বামী দিগ্‌জয়,
যদি নেয় দয়া করিয়া ॥

—পঞ্চানন

